

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং-শিম/শাঃ ১৯/যঃবিঃপ্রঃবিঃ-১/২০০৮-৩৫৮

তারিখ: ১৬ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেনকে কানাডা'র University of British Columbia-এর সঙ্গে অনুষ্ঠিতব্য “Collaboration Delegations এবং Memorandum Events”-এ অংশগ্রহণের জন্যে আগামী ০১-১৫ নভেম্বর ২০১৮ মোট ১৫ (পনের) দিন নিম্নোক্ত শর্তে কানাডা ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

- (১) প্রস্তাবিত ভ্রমণের বিমানভাড়া বাবদ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বিশ্ববিদ্যালয় প্রশিক্ষণ খাতে হতে সংকুলান করা হবে। আবাসনসহ অন্যান্য ব্যয় The University of British Columbia কর্তৃপক্ষ বহন করবে
- (২) তিনি বাংলাদেশি মুদ্রায় বেতন-ভাতা গ্রহণ করবেন;
- (৩) ভ্রমণশেষে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং এ ভ্রমণে অর্জিত ফলাফলের উপর মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন;
- (৪) ভাইস চ্যান্সেলরের অনুপস্থিতিতে একই বিশ্ববিদ্যালয়ের ডেপুটি প্রফেসর শেখ আবুল হোসেন নিজ দায়িত্বের অতিরিক্ত ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পালন করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(সৈয়দ আলী রেজা)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪৫০৩২

ই-মেইল: ds_stp@moedu.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপাচার্য, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
৬. প্রফেসর শেখ আবুল হোসেন, ডেপুটি প্রফেসর, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
৭. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
৯. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১০. উপ পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আই.সি.টি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪. অফিস কপি/ সংরক্ষণ কপি।